ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

RUET

# রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
## প্রধান প্রকৌশলীর কার্যালয়।

রাজশাহী-৬২০৪, বাংলাদেশ।
(টেলিফোন: ০২৫-৮৮৮৬৭১৫৪, ফ্যাক্স: ০২৫-৮৮৮৬৭০২৯,এক্সটেনশন ঃ ১২৩)
E-mail: peuser@ruet.ac.bd, website: www.ruet.ac.bd.

স্মারক নং- প্রঃশাঃ/রুয়েট/নিলাম/২০২৩-২৪/৪২৯৯ তারিখঃ ১২/০২/২০২৪ ইং

## -ঃ পুরাতন অকেজো মোটর গাড়ী এর নিলাম বিজ্ঞপ্তি ঃ-

১। অত্র বিশ্ববিদ্যালয়ের সংরক্ষিত এলাকায় রক্ষিত ব্যবহৃত নিম্নলিখিত পুরাতন মোটরকার, পাজেরো জীপ, মাইক্রোবাস ও ইস্যুজু বাস সমূহ "যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে" নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে আগ্রহী প্রতিষ্ঠান/ব্যক্তিগণের নিকট হইতে অত্র বিশ্ববিদ্যালয়ের সিডিউল-এ মূল্য উদ্ধৃতিসহ সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাইতেছে। খামের উপরে অবশ্যই গাড়ীর রেজিষ্ট্রেশন নম্বর(যদি থাকে) ও খোলার তারিখ উল্লেখ করিতে হইবে।

| ক্রমিক নং | রেজিস্ট্রেশন নম্বর | মোটর যানের ধরন | পরিদর্শনের জন্য যে স্থানে রক্ষিত আছে |
|---|---|---|---|
| ১। | রাজশাহী-ক-৫৮১৭ | টয়োটা মোটরকার | পরিদর্শনের জন্য পুরাতন গ্যারেজের সামনে আছে। |
| ২। | রাজ-মেট্রো-ঘ-১১-০০৮৮ | পাজেরো (হার্ড জীপ) | পরিদর্শনের জন্য পুরাতন গ্যারেজের সামনে আছে। |
| ৩। | ঢাকা-মেট্রো-চ-৫১-২৮০৬ | মিতস্যুবিসি মাইক্রোবাস | পরিদর্শনের জন্য পুরাতন গ্যারেজের সামনে আছে। |
| ৪। | রাজশাহী-ব-১৭৭৯ | ইস্যুজু বাস (বড়) | পরিদর্শনের জন্য নতুন গ্যারেজের সামনে আছে। |

২। **পরিদর্শন ঃ** আগ্রহী দরদাতাগণ আগামী **১৩/০২/২০২৪** ইং তারিখ হইতে ২৭/০২/২০২৪ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে নিলাম কমিটি, রুয়েট এর সাথে যোগাযোগ করিয়া উল্লিখিত গাড়ীগুলি সরেজমিনে পরিদর্শন করিতে পারিবেন।

৩। **দরপত্র দলিলের মূল্য ঃ** ক) টয়োটা মোটরকার প্রতিসেট সিডিউলের মূল্য =১,০০০.০০ টাকা (এক হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ পরিশোধের মাধ্যমে ক্রয় করা যাইবে।

খ) পাজেরো (হার্ড জীপ) এর প্রতিসেট সিডিউলের মূল্য = ২,০০০.০০ টাকা (দুই হাজার) টাকা (অফেরতযোগ্য) নগদ পরিশোধের মাধ্যমে ক্রয় করা যাইবে।

গ) মিতস্যুবিসি মাইক্রোবাস এর প্রতিসেট সিডিউলের মূল্য = ১,৫০০.০০ টাকা (এক হাজার পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) নগদ পরিশোধের মাধ্যমে ক্রয় করা যাইবে।

ঘ) ইস্যুজু বাস (বড়) এর প্রতিসেট সিডিউলের মূল্য = ১,৫০০.০০ টাকা (এক হাজার পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) নগদ পরিশোধের মাধ্যমে ক্রয় করা যাইবে।

৪। **দরপত্র দলিল প্রাপ্তির স্থান ও সময়কাল ঃ** ১৩/০২/২০২৪ ইং তারিখ হইতে ২৮/০২/২০২৪ ইং তারিখ পর্যন্ত সকল কার্যদিবসে অফিস চলাকালীন সময়ের মধ্যে রূপালী ব্যাংক, রুয়েট শাখা হইতে ক্রয় করা যাইবে।

৫। **দরপত্র দাখিল ও খোলার তারিখ ও স্থানঃ** দরপত্র আগামী ২৮/০২/২০২৪ইং তারিখে দুপুর ১২.০০ ঘটিকার মধ্যে প্রকৌশল শাখা, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর টেন্ডার বাক্সে ফেলিতে হইবে এবং একই দিন দুপুর ১২.৩০ ঘটিকায় দরদাতা/দরদাতাদের অথবা তাহাঁর/তাহাঁদের প্রতিনিধির উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হইবে।

৬। **ক) বিড সিকিউরিটি মানি/আর্নেষ্ট মানি ঃ** প্রতিটি মোটর গাড়ীর জন্য পৃথক দরপত্র হইবে এবং দরপত্রের সহিত উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে বিড সিকিউরিটি মানি/আর্নেষ্ট মানি (যথাসময়ে ফেরতযোগ্য) বাংলাদেশ ব্যাংকের তফসিলভূক্ত যে কোন ব্যাংক হইতে সংগৃহীত ডিডি অথবা পে-অর্ডার আকারে ভিসি, রুয়েট, রাজশাহী এর অনুকূলে জমা দিতে হইবে।

**খ)** সকল দরদাতাগণের বিড সিকিউরিটি মানি/আর্নেষ্ট মানি বিনা সুদে কর্তৃপক্ষের চুড়ান্ত সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত দর প্রস্তাব দাখিলের তারিখ হইতে অনুর্ধ ৯০ দিন বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট রক্ষিত থাকিবে। তবে কৃতকার্য দরদাতা/দরদাতাগণের বিড সিকিউরিটি মানি/আর্নেষ্ট মানি মালামাল ডেলিভারি না হওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট জামানত হিসাবে রক্ষিত থাকিবে।

গ) তবে গ্রহণযোগ্য সকল দরদাতাগণের বিড সিকিউরিটি মানি/আর্নেষ্ট মানি "নিলামের শর্তাবলীতে" বর্ণিত শর্তাদি প্রতিপালন না হওয়া পর্যন্ত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট জামানত হিসাবে রক্ষিত থাকিবে।

ঐশী জ্যোতিই আমাদের পথ প্রদর্শক

RUET

# রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
## প্রধান প্রকৌশলীর কার্যালয় ।
রাজশাহী-৬২০৪, বাংলাদেশ ।
(টেলিফোন: ০২৫-৮৮৮৬৭১৫৪, ফ্যাক্স: ০২৫-৮৮৮৬৭০২৯,এক্সটেশন ঃ ১২৩)
E-mail: peuser@ruet.ac.bd, website: www.ruet.ac.bd.

৭। অন্যান্য শর্ত ঃ

ক) দরপত্র খোলার দিন কোন দরপত্র দলিল বিক্রয় করা হইবে না।

খ) অনিবার্য কারণ বশতঃ যদি দরপত্র খোলার দিনে কার্যদিবস ব্যাহত হয়, তবে পরবর্তী কার্যদিবসে একই স্থানে এবং একই সময়ে দরপত্র গ্রহণ ও খোলা হইবে।

গ) দর প্রস্তাবের সহিত দরপত্র দলিল ক্রয়ের মূল রশিদ সংযুক্ত করিতে হইবে।

ঘ) কোন কারণ দর্শানো ছাড়াই যে কোন দর অথবা যে কোন বা সকল দর প্রস্তাব আংশিক/সম্পূর্ণভাবে গ্রহণ বা বাতিল করার অধিকার/ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ঙ) মূল দরপত্র দলিল দাখিল এবং উক্ত দলিলের প্রতি পৃষ্ঠায় অংশ গ্রহণকারী প্রতিষ্ঠানের/ব্যক্তির সীল ও স্বাক্ষর থাকিবে।

চ) যে কোন সময় কোন প্রকার আপত্তি/জটিলতা দেখা দিলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সিদ্ধান্ত চুড়ান্ত গন্য হইবে।

ছ) কৃতকার্য দরদাতাকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সিদ্ধান্ত জানানোর ০৭(সাত) দিনের মধ্যে সংশ্লিষ্ট গাড়ীর বিপরীতে উদ্ধৃত দরের সম্পূর্ণ টাকা এবং সেই সাথে উদ্ধৃত দরের উপর সরকারী নিয়ম অনুযায়ী প্রযোজ্য আয়কর/ট্যাক্সসহ অর্থ পৃথক পৃথক ডিডি ভাইস-চ্যান্সেলর, রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এর অনুকূলে জমা দিয়ে ( যেখানে যে অবস্থায় আছে ভিত্তিতে) গাড়ীর ডেলিভারী আদেশ গ্রহণ করিতে হইবে।

জ) কৃতকার্য দরদাতা উপরোক্ত শর্তাবলী পরিপালনে ব্যর্থ হলে তাঁর আর্নেষ্ট মানি বাজেয়াপ্ত করা হইবে।

22/02/2024 22/2/24

প্রশাসক
কেন্দ্রীয় ক্রয় শাখা
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

(মোঃ শাহাদৎ হোসেন)
প্রধান প্রকৌশলী
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।